গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

২০১৯-২০২০ অর্থববছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল হাছান খান
পরিচালক(পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : মহাপরিচালকের সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।

তারিখ ও সময় : ২৭ আগস্ট ২০১৯খ্রিঃ; সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, মে ২০১৯ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১০ম সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্তসমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্যকে ই-মেইলে প্রেরণ/অবহিত করা হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়নে অত্র অধিদপ্তর ৬৫% নম্বর অর্জন করেছে। বাজেট স্বল্পতার কারণে কয়েকটি করণীয় বাস্তবায়ন করতে না পারায় লক্ষমাত্রা ১০০% করা সম্ভব হয় নাই। সভায় তিনি আরও জানান যে, প্রস্তাবিত কর্মপরিকল্পনা কাঠামো ২০১৯-২০২০ বাস্তবায়নের লক্ষ্যে টিমের সদস্যদের এজেন্ডাওয়ারী দায়িত্ব বিন্যস্ত করা প্রয়োজন। সভায় প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের ন্যায় টিমের সদস্যদের এজেন্ডাওয়ারী দায়িত্ব অর্পণ করার গুরুত্ব নিয়ে আলোচনা হয়। এবিষয়ে সকলকে সক্রিয় থাকার জন্য অনুরোধ করা হয়। চলতি অর্থবছরের কার্যক্রম এমনভাবে ডিজাইন করতে হবে যেন লক্ষ্যমাত্রা ১৫ মে ২০২০খ্রি. এর মধ্যে অর্জন করা সম্ভব হয় এবং আর্থিক বিষয়াদি নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা যায়।

আলোচনার ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

নং	উদ্দেশ্য	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন	যথাসময়ে প্রণীত হয়েছে।	যথাসময়ে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে টিমের সংশ্লিষ্ট সদস্য/কর্মকর্তা সচেষ্ট থাকবেন।	-
২	ইনোভেশন টিমের সভা	ইনোভেশন টিমের সভা আহবানে নম্বর পদ্ধতি চালু থাকায় নিয়মিত সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	সদস্য-সচিব জানান যে, লক্ষমাত্রা অনুযায়ী গত অর্থবছরে ১০টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের প্রতি ২ মাসে একটি করে মোট ৬টি সভা করার নির্দেশনা রয়েছে। অত্র সভাটি চলতি অর্থবছরের ১ম সভা।	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) ও সদস্য-সচিব
৩	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি	ক) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা; খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন; গ) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়।	কর্মসূচিসমূহ সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে একটি ক্যালেন্ডার প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য/মেন্টর (সকল)
৪	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম	উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান করে পত্র দেওয়ার বিষয়ে আলোচনা হয়।	সংশ্লিষ্ট মেন্টরগণ অন্তত ০২ জন করে কর্মকর্তার সাথে যোগযোগ করতে পারেন;	সংশ্লিষ্ট মেন্টর (সকল)

৫	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং	সদস্য-সচিব জানান যে, গত অর্থবছরে উদ্ভাবনী ধারণা বিষয়ক ২টি প্রশিক্ষণে অংশগ্রহনকারী মেন্টিগণের কাছ থেকে মোট ১০টি উদ্ভাবনী উদ্যোগ পাওয়া যায়। উদ্ভাবনী উদ্যোগ সমূহ পাইলটিং চলছে। পাইলটিং মনিটরিং করার লক্ষ্যে সম্মানিত সদস্য/মেন্টরগণের দায়িত্ব ইতোমধ্যে বন্টন করা হয়েছে।	সম্মানিত সদস্য/মেন্টরগণকে পাইলটিং মনিটরিং করার স্বীয় দায়িত্ব সুচারু রূপে প্রতিপালন করবেন;	সংশ্লিষ্ট মেন্টর (সকল)
৬	ইনোভেশন শোকেসিং	সদস্য-সচিব জানান যে, গত অর্থবছরে ইনোভেশন শোকেসিং করা সম্ভব হয় নাই।	চলতি অর্থবছরে যাহাতে ইনোভেশন শোকেসিং করা যায় সে বিষয়টি সামনে রেখে কার্যক্রম পরিচালনা করবেন;	সংশ্লিষ্ট মেন্টর (সকল)
৭	উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	"বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ০১টি করে গ্রামে) বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়;	সংশ্লিষ্ট মেন্টর
৮	ইনোভেশন মেন্টরিং	মেন্টর ও মেন্টিগণের সমন্বয়ে ১ দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে বিধায় মেন্টরগণের স্ব স্ব মেন্টিগণের সাথে সক্রিয়ভাবে কাজ করার সুযোগ তৈরি হয়েছে।	মার্চ ও জুন ২০১৯খ্রিঃ পর্যন্ত সমাপ্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের নতুন ১০টি আইডিয়া বাস্তবায়ণে মেন্টরগণ সচেষ্ট থাকবেন;	সংশ্লিষ্ট মেন্টর (সকল)
৯	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	সদস্য-সচিব জানান যে, প্রণোদনা প্রাপ্তির লক্ষ্যে গত অর্থবছরে ০৬টি আবেদন পাওয়া যায় গেছে। প্রণোদনা প্রদানের বিষয়ে ০৩টি টিম গঠন-পূর্বক সরেজমিনে যাচাই-বাছাই করা হয়েছে।	সম্মাননা প্রদানের ব্যবস্থা নিতে হবে। সকল পরিচালক ও অন্যান্য কর্মকর্তাকে নিয়ে অনুষ্ঠান করার ব্যবস্থা করতে হবে।	টিমের সদস্যগণ
১০	ইনোভেশন খাতে বরাদ্দ	সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়ণের জন্য সর্বমোট ১৭,০০,০০০/- (সতের লক্ষ) টাকার বাজেট বিভাজন প্রণয়ন করা হয়েছে এবং তা অর্থশাখায় অগ্রায়ন পূর্বক যোগাযোগ করা হয়েছে এবং বরাদ্দ প্রাপ্তির আশ্বাস রয়েছে।	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য পেশকৃত বাজেট বিভাজন মোতাবেক অর্থ প্রাপ্তির লক্ষ্যে অর্থ শাখার সাথে যোগাযোগ ও সমন্বয় রাখতে হবে।	কর্মশালা, প্রশিক্ষণ এবং শোকেসিং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ
১১	ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ	সদস্য-সচিব জানান যে, ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।	ইনোভেশন সংক্রান্ত শাখাওয়ারী যাবতীয় তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে হালনাগাদ করবেন;	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)
১২	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন	ক) আলোচনায় জানা যায় যে, যুব সংগঠন নিবন্ধনকরণের লক্ষ্যে পাইলট কর্মসূচি গ্রহণ করা হয়েছে চলতি অর্থ বছরে ০৩টি উপজেলায় পাইলট কার্যক্রম শুরু হবে। খ) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) জানান যে, কুষ্টিয়া এবং মানিকগঞ্জ এর সকল উপজেলায় অনলাইনে যুব ঋণ কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। চলতি অর্থবছরে ৩টি জেলার ১১টি উপজেলায় অনলাইনে যুব ঋণ কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। গ) চলতি অর্থ বছরে ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা।	ক) যুব সংগঠন নিবন্ধনকরণের লক্ষ্যে পাইলট কর্মসূচি নির্ধারিত ০৩টি উপজেলায় দ্রুত বাস্তবায়ন করতে হবে। খ) ই-সার্ভিস (যুব ঋণ) কার্যক্রম চলতি অর্থ বছরে ৩টি জেলার ১১টি উপজেলায় অনলাইনে যুব ঋণ কার্যক্রম সম্প্রসারণ নিশ্চিত করবেন। গ) আগামী সভায় সদস্যগণের নিকট হতে একটি নতুন ডিজিটাল সেবা তৈরির প্রস্তাব আহবান করা যাচ্ছে।	জনাব ফরহাত নূর উপপরিচালক (প্রশিক্ষণ-২) জনাব মোঃ হামিদুর রহমান উপ-পরিচালক (দাঃবিঃওঋণ) সদস্য/মেন্টর (সকল)
১৩	সেবা পদ্ধতি সহজিকরণ	টিমের ফোকাল পয়েন্ট জনাব হামিদুর রহমান উপ-পরিচালক অবহিত করেন যে, চলতি বছরে ঋণ সেবাকে সহজীকরন প্রক্রিয়া শেষ করে জি,ও জারী করা হয়েছে।	চলতি বছরের জন্য আর একটি নতুন সেবা চিহ্নিত করে সহজীকরণের আওতায় আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা নিতে এস,পি,এস টিমকে অনুরোধ জানানো হয়;	জনাব মাসুদা আকন্দ উপ-পরিচালক ও আহবায়ক এস,পি,এস টিম।

কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ কার্যাদি প্রতিপালনে আন্তরিক হবেন বলে সভাপতি আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(আবুল হাছান খান)
পরিচালক(পরিকল্পনা)
ও
ইনোভেশন অফিসার(এল.এস)
ফোনঃ ৯৫৫৯৩৪০
e-mail: dirplanning@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৫০ তারিখঃ ২৯/০৮/২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

২৭/০৮/২০১৯খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (চঃদাঃ) (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
২.	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৩.	জনাব ফরহাত নূর উপপরিচালক (চঃদাঃ) (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
৪.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৫.	জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
৬.	জনাব মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ ফজলুল হক সহকারী পরিচালক (হিসাবরক্ষণ কর্মকর্তা)	স্বাক্ষরিত
৮.	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
৯.	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) (কো-অপ্টসদস্য)	স্বাক্ষরিত